SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

# শক্তি বার্তা



## কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা সুনিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা





১৫ জুলাই, ২০২৪ তারিখ শক্তি ফাউন্ডেশনের প্রধান কার্যালয়ে "কর্মক্ষেত্রে নারীর নিরাপত্তা সুনিশ্চিতকরণ" বিষয়ক একটি গোল টেবিল বৈঠক এর আয়োজন করা হয়। ১৮টি নেটওয়ার্ক সংস্থার প্রতিনিধিদের অংশগ্রহণে আয়োজিত এই গোল টেবিল বৈঠকে কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি এবং সুন্দর কর্মপরিবেশ নিশ্চিতকরণের উপর গুরুত্ব আরোপসহ করণীয় বিষয় নিয়ে আলোচনা হয়।

## জোন অফিসের শুভ উদ্বোধন

























শক্তি ফাউন্ডেশনের মাইক্রোফাইন্যান্স প্রোগ্রামের কর্মপরিধি ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। দেশব্যাপী ৫৫টি জেলায় ৫৩০টি শাখার মাধ্যমে এই কার্যক্রম পরিচালিত হচ্ছে। মাঠ পর্যায়ে ক্রমবর্ধমান কর্মসূচিকে আরও বেগবান করার লক্ষ্যে ৮টি নতুন জোন অফিসের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাসহ অত্র এলাকার কর্মীবৃন্দ উপস্থিত ছিলেন।

## আগুনে ক্ষতিগ্রস্ত সদস্যদের পাশে শক্তি ফাউন্ডেশন




শক্তি ফাউন্ডেশনের চট্টগ্রাম দোহাজারী শাখার একজন সদস্যের ঘরবাড়ি সহ সমস্ত কিছু আগুনে পুড়ে ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। অত্র এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গসহ শক্তি ফাউন্ডেশনের কর্মকর্তাদের উপস্থিতিতে ক্ষতিগ্রস্ত সদস্যের পরিবারকে শক্তি ফাউন্ডেশন এর পক্ষ থেকে ঘর নির্মাণের জন্য ৪ বান টিন প্রদান করা হয়।

## সবুজে সাজাই ঢাকা বৃক্ষ রোপণ কর্মসূচি অনুষ্ঠিত





শক্তি ফাউন্ডেশন এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর সাথে যৌথ উদ্যোগে পরিকল্পিতভাবে ঢাকা শহরে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করে। এই কার্যক্রমের আওতায় প্রথম পর্বে সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেয় শক্তি ফাউন্ডেশন। ৮ জুলাই ২০২৪ তারিখ ঢাকার পূর্বাচলে মেকানিক্যাল স্ট্যাকইয়ার্ড প্রাঙ্গনে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী অনুষ্ঠানে এই আয়োজন করা হয়।
ঢাকা শহরের পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবেলায় শক্তি ফাউন্ডেশন সপ্তাহব্যাপী প্রথম ধাপে পূর্বাচলে বিভিন্ন প্রজাতির ওষধি, ফলদ, বনজ গাছ রোপন করে। এই বৃক্ষরোপণ কর্মসূচিতে শক্তি ফাউন্ডেশনের সক্রিয় অংশগ্রহণ সবুজে সাজাই ঢাকা উদ্যোগের শুভসূচনা করার পাশাপাশি আগামী প্রজন্মের জন্য একটি সবুজ ভবিষ্যত তৈরিতে অগ্রণী ভূমিকা রাখবে।


## বাঁচলে কৃষক, বাঁচবে দেশ উন্নয়নে বাংলাদেশ





সিএসআর কর্মসূচির অংশ হিসেবে ৪ জুলাই ২০২৪ তারিখ শক্তি ফাউন্ডেশন এবং ঢাকা ব্যাংক এর যৌথ উদ্যোগে রাজশাহী পুঠিয়া উপজেলার ৪০০ জন কৃষকদের মাঝে ধান চাষের জন্য বিনামূল্যে বীজ, সার ও কীটনাশক বিতরণ করা হয়। এই বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুঠিয়া উপজেলার সহকারী-কমিশনার-(ভূমি) দেবাশীষ বসাক। আরো উপস্থিত ছিলেন সহকারী কৃষি সম্প্রসারণ অফিসারসহ শক্তি ফাউন্ডেশন এবং ঢাকা ব্যাংক পিএলসি এর উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

## সাফল্য গাঁথা



মেহেজাবিন নূপুর, বাংলাদেশ ইউনিভার্সিটি অফ টেক্সটাইল (বুটেক্স) এর ১ম বর্ষের শিক্ষার্থী। নূপুর শক্তি ফাউন্ডেশনের বগুড়া আদমদীঘি শাখার দীর্ঘ ১২ বছরের সদস্য সুলতানা বেগম এর কন্যা। সুলতানা বেগম একজন গৃহিণী। তার স্বামী পেশায় একজন কৃষক। সংসারের দৈনন্দিন খরচ চালানোর পাশাপাশি ৩ সন্তানের পড়ালেখার খরচ নির্বাহ করা, কৃষক বাবার পক্ষে সত্যিকার অর্থেই অনেক কষ্টসাধ্য ছিল। মেহেজাবিন নূপুর ছোটবেলা থেকেই ছিল অত্যন্ত মেধাবী। তার লালিত স্বপ্নই ছিল ইঞ্জিনিয়ার হওয়া। তার এই স্বপ্নপূরণে পাশে এসে দাঁড়িয়েছে শক্তি ফাউন্ডেশন। শক্তি ফাউন্ডেশনের "উচ্চ শিক্ষা বৃত্তি" এর মাধ্যমে মেহেজাবিন নূপুর এখন তার পড়াশোনা চালিয়ে যাচ্ছে। শক্তি ফাউন্ডেশন নূপুর এর পথ চলার সাথে থাকতে পেরে অত্যন্ত গর্বিত।

# শক্তি ফাউন্ডেশন দিচ্ছে ৬ মাস মেয়াদী সহজ ঋণ




## প্রতি হাজারে মাত্র ৫০ টাকা হারে ঋণ পরিশোধ সুবিধা

- সর্বোচ্চ **৯৯,০০০** টাকা পর্যন্ত ঋণ সুবিধা
- ঋণ আবেদনের পর মাত্র **২ কর্মদিবসের মধ্যে** ঋণ প্রাপ্তি সুবিধা
- **সাপ্তাহিক বা মাসিক কিস্তিতে** ঋণ পরিশোধ সুবিধা
- যত দ্রুত **ঋণ পরিশোধ**, সার্ভিস চার্জে তত বেশি **ছাড়**
- মৃত্যুকালীন সম্পূর্ণ **ঋণ মওকুফ** এবং **১০,০০০** টাকা অনুদান সুবিধা
- নারী সদস্যের স্বামী/অভিভাবকের মৃত্যুতে **ঋণ মওকুফ** এবং **৫,০০০** টাকা অনুদান সুবিধা

## এক নজরে শক্তি (জুলাই ৩১, ২০২৪)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫৩০ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৮ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪,৬৪৮৮৩ জন

**ঋণী**
৩,৫৭১৬৮ জন

**সঞ্চয় স্থিতি**
৯৮৯.৮৬ কোটি টাকা

ঋণ বিতরণ (ক্রমাগত)
২০৯৪০.২৮ কোটি টাকা

ঋণ স্থিতি
২৬৪৩.৬০ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৩.৮০%

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর,পল্লবী,ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৪৪৪১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd